DHAKA POST

# উত্তরা ইউনিভার্সিটিতে ক্লাব কমিটির ঘোষণা

২০ নভেম্বর ২০২৫




আনুষ্ঠানিকভাবে উত্তরা ইউনিভার্সিটির ১১টি ক্লাবের নতুন কমিটি ঘোষণা করা হয়েছে। ইউনিভার্সিটির অফিস অব স্টুডেন্ট অ্যাফেয়ার্স (ওএসএ)-এর আয়োজন করা এই অনুষ্ঠানের মধ্য দিয়ে ১১টি ক্লাব একই ছাতার নিচে চলে এলো। এই অনুষ্ঠানে শপথ গ্রহণের মাধ্যমে নব নির্বাচিত নির্বাহীরা তাদের দায়িত্ব বুঝে নিয়ে নিজ নিজ ক্লাবের ভবিষ্যৎ কর্মপরিকল্পনার কথাও জানিয়েছে। একইসঙ্গে ছাত্র ছাত্রীরা কীভাবে তাদের নেতৃত্বের গুণাবলির বিকাশ ঘটাবে, কীভাবে তারা তাদের সৃষ্টিশীলতা আর মেধার সংমিশ্রণে নিজেদের ভবিষ্যৎ গড়ার পাশাপাশি দেশ আর জাতির উন্নয়নে ভূমিকা রাখবে তারও দিক নির্দেশনা দিয়েছেন অনুষ্ঠানে উপস্থিত শিক্ষক ও ঋদ্ধ গুণিজনেরা।

বুধবার আয়োজিত এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. ইয়াসমীন আরা লেখা। ছাত্র ছাত্রীদের উদ্দেশ্যে তিনি বলেন, আমি বিশ্বাস করি তোমরা যারা আজকে ক্লাবগুলোর দায়িত্বভার নিলে, তারা প্রতিদিন নিজেদের এবং তোমাদের বিশ্ববিদ্যালয়কে সামনের দিকে এগিয়ে যাবার জন্য সব রকম প্রয়াস চালিয়ে যাবে। তোমরা তোমাদের দায়িত্বের প্রতি সৎ থাকবে। যে বিশ্বাস আমরা তোমাদের উপর রেখেছি তার অমর্যাদা হতে দেবে না। নিজেকে এমনভাবে তৈরি করবে যেন আমরা তোমাদের শিক্ষক হিসেবে সবসময় গর্ব করতে পারি।

অন্যান্যের মধ্যে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ হাসপিয়া বশিরউল্লাহ, প্রক্টর প্রফেসর ড. এ. এস. এম. শাহাবুদ্দিন, অফিস অফ স্টুডেন্ট অ্যাফেয়ার্সের ডিরেক্টর ড. শাহ আহমেদ, ইউনিভার্সিটির ৫টি অনুষদের ডিন, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান এবং অন্যান্য কর্মকর্তারা। তাদের সবার উপস্থিতিতে নতুন দায়িত্ব পাওয়া এক্সিকিউটিভ কমিটির মেম্বাররা শপথ গ্রহণ করেন এবং দায়িত্ব বুঝে নেন।

শপথ গ্রহণ অনুষ্ঠানের পর প্রতিটি ক্লাব কমিটির সভাপতি তাদের আগামী এক বছরের লক্ষ্য কী, তার সার সংক্ষেপে তুলে ধরে বক্তব্য দেন। ক্লাবগুলোর কর্মকাণ্ড পরিচালনার মাধ্যমে ইউনিভার্সিটির সব ছাত্রছাত্রীর জন্য যে অন্তর্ভুক্তিমূলক পরিবেশ তৈরি হবে এমন প্রত্যাশাও তারা ব্যক্ত করেছেন।

এরপর উপাচার্য, শিক্ষক, কর্মকর্তা আর ক্লাব প্রতিনিধিদের সবাইকে নিয়ে সেলিব্রেশন কেক কাটেন। উত্তরা ইউনিভার্সিটির সহ-শিক্ষা কার্যক্রমের জন্য এই অসাধারণ আয়োজন একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হয়েছে বলে মনে করেন সংশ্লিষ্ট সবাই।

*জেডএস*